সঞ্চয়পত্র (সাধারণ) শাখা
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল অফিস, ঢাকা

***তথ্যসূত্রঃ সঞ্চয় শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩০-০৬-২০২৫ তারিখের অফিস আদেশ নং- ০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৮৫

০১-০৭-২০২৫ তারিখ হতে ইস্যুকৃত সঞ্চয়পত্রের পুনঃনির্ধারিত মুনাফার পরিমাণ (প্রতি ১,০০,০০০/- টাকায়)

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ	ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ	মুনাফার হার	মোট মুনাফা	উৎসে কর	নীট মুনাফা	ক্রয়সীমা ***
১	৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র (প্রতি ৩ মাস পরপর মুনাফা ও মেয়াদ শেষে মূল প্রাপ্য)	৩ বছর	৫,০০,০০০ টাকা পর্যন্ত **	১১.৮২%	৳ ২,৯৫৫.০০	৳ ১৪৭.৭৫	৳ ২,৮০৭.২৫	একক নামে সর্বোচ্চ ৩০ লক্ষ, যৌথ নামে সর্বোচ্চ ৬০ লক্ষ
২			৭,৫০,০০০ টাকা পর্যন্ত	১১.৮২%	৳ ২,৯৫৫.০০	৳ ২৯৫.৫০	৳ ২,৬৫৯.৫০	
৩			৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব	১১.৭৭%	৳ ২,৯৪২.৫০	৳ ২৯৪.২৫	৳ ২,৬৪৮.২৫	

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ	ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ	মুনাফার হার	মোট মুনাফা	উৎসে কর	নীট মুনাফা	ক্রয়সীমা ***
১	পাঁচ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র (মেয়াদ শেষে মূল ও মুনাফা একসাথে প্রাপ্য)	৫ বছর	৫,০০,০০০ টাকা পর্যন্ত **	১১.৮৩%	৳ ৫৯,১৫০.০০	৳ ২,৯৫৭.৫০	৳ ৫৬,১৯২.৫০	একক নামে সর্বোচ্চ ৩০ লক্ষ, যৌথ নামে সর্বোচ্চ ৬০ লক্ষ
২			৭,৫০,০০০ টাকা পর্যন্ত	১১.৮৩%	৳ ৫৯,১৫০.০০	৳ ৫,৯১৫.০০	৳ ৫৩,২৩৫.০০	
৩			৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব	১১.৮০%	৳ ৫৯,০০০.০০	৳ ৫,৯০০.০০	৳ ৫৩,১০০.০০	

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ	ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ	মুনাফার হার	মোট মুনাফা	উৎসে কর	নীট মুনাফা	ক্রয়সীমা ***
১	পেনশনার সঞ্চয়পত্র (প্রতি মাসে মুনাফা ও মেয়াদ শেষে মূল প্রাপ্য)	৫ বছর	৫,০০,০০০ টাকা পর্যন্ত **	১১.৯৮%	৳ ৯৯৮.৩৩	৳ -	৳ ৯৯৮.৩৩	পেনশন ও গ্র্যাচুইটি হিসেবে নীট প্রাপ্ত টাকার ভিত্তিতে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ
২			৭,৫০,০০০ টাকা পর্যন্ত	১১.৯৮%	৳ ৯৯৮.৩৩	৳ ৯৯.৮৩	৳ ৮৯৮.৫০	
৩			৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব	১১.৮০%	৳ ৯৮৩.৩৩	৳ ৯৮.৩৩	৳ ৮৮৫.০০	

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ	ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ	মুনাফার হার	মোট মুনাফা	উৎসে কর	নীট মুনাফা	ক্রয়সীমা ***
১	পরিবার সঞ্চয়পত্র (প্রতি মাসে মুনাফা ও মেয়াদ শেষে মূল প্রাপ্য)	৫ বছর	৫,০০,০০০ টাকা পর্যন্ত **	১১.৯৩%	৳ ৯৯৪.১৭	৳ ৪৯.৭১	৳ ৯৪৪.৪৬	একক নামে সর্বোচ্চ ৪৫ লক্ষ
২			৭,৫০,০০০ টাকা পর্যন্ত	১১.৯৩%	৳ ৯৯৪.১৭	৳ ৯৯.৪২	৳ ৮৯৪.৭৫	
৩			৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব	১১.৮০%	৳ ৯৮৩.৩৩	৳ ৯৮.৩৩	৳ ৮৮৫.০০	

**	বাংলাদেশে প্রচলিত সব ধরণের সঞ্চয়পত্র মিলিয়ে একজন বিনিয়োগকারীর সর্বমোট ৫ লক্ষ টাকা বা এর কম বিনিয়োগের ক্ষেত্রে প্রাপ্ত মুনাফার উপর ৫% হারে উৎসে আয়কর প্রযোজ্য, বিনিয়োগ এর বেশি হলে সম্পূর্ণ অংশের মুনাফার উপর ১০% হারে উৎসে আয়কর প্রযোজ্য। তবে শুধু পেনশনার সঞ্চয়পত্রে অনধিক ৫ লক্ষ টাকা বিনিয়োগের ক্ষেত্রে প্রাপ্ত মুনাফার উপর উৎসে আয়কর প্রযোজ্য নয়।
***	সব ধরণের সঞ্চয়পত্র মিলিয়ে একজন ব্যক্তির নামে (একটি এনআইডি-তে) সর্বোচ্চ ক্রয়সীমা ৫০ লক্ষ এবং পেনশনারগণের ক্ষেত্রে সর্বোচ্চ ০১ কোটি টাকা। যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যেকের এনআইডি-তে আলাদাভাবে বিনিয়োগের পরিমাণ হিসাব করা হবে।
##	সব ধরনের সঞ্চয়পত্র মেয়াদপূর্তির পূর্বে উত্তোলন/নগদায়নযোগ্য, সেক্ষেত্রে বছরভিত্তিক মুনাফার হার প্রযোজ্য হবে। প্রদানকৃত অতিরিক্ত মুনাফার টাকা মূল টাকা থেকে সমন্বয় করা হবে।
###	সব ধরনের সঞ্চয়পত্র আবেদন সাপেক্ষে পুনঃবিনিয়োগযোগ্য, মেয়াদপূর্তির অন্তত ৭-১০ দিন পূর্বে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট ইস্যুকারী অফিসে আবেদন করতে হবে।

প্রস্তুতকরণ ও পরিমার্জনঃ মোঃ আছাদুজ্জামান, সহকারি পরিচালক, সঞ্চয়পত্র(সাঃ) শাখা, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস, ঢাকা।

সঞ্চয়পত্র কারা ক্রয় করতে পারবেনঃ		পৃষ্ঠা নং-২
৩ মাস অন্তর মুনাফাভিত্তিক ও ৫ বছর মেয়াদি বাংলাদেশ সঃপঃ		বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী যেকোন ব্যক্তি একক বা যুগ্মনামে এ ধরনের সঞ্চয়পত্র কিনতে পারবেন। (ক্রয়সীমা পূর্বপৃষ্ঠায় উল্লিখিত) ***** প্রাতিষ্ঠানিক পর্যায়ে এ ধরণের সঞ্চয়পত্র ক্রয়ের জন্য জাতীয় সঞ্চয় ব্যুরোর অফিসে যোগাযোগ করতে হবে।**
পরিবার সঞ্চয়পত্র (শুধু একক নামে কিনতে পারবেন)		১. ১৮ (আঠারো) বা তদূর্ধ্ব বয়সী বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী যে কোন মহিলা। ২. বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী প্রাপ্ত বয়স্ক শারীরিক প্রতিবন্ধী নাগরিক। তবে শর্ত থাকে যে, প্রতিবন্ধীতার বিষয়টি সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক সত্যায়িত হতে হবে। ৩. ৬৫ (পঁয়ষট্টি) ও তদূর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী নাগরিক।
পেনশনার সঞ্চয়পত্র (শুধু একক নামে কিনতে পারবেন)		পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ, সুপ্রীম কোর্টের পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত সদস্য এবং উল্লিখিত ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত মৃত চাকুরীজীবীদের পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তানগণ। [উল্লিখিত ক্যাটাগরিতে মৃত চাকুরীজীবীর নমিনিগণ ইতোমধ্যে ক্রয়কৃত সঞ্চয়পত্র পরিচালনা করতে পারবে, তবে তারা ঐ টাকা দিয়ে নতুন করে পেনশনার সঞ্চয়পত্র কিনতে পারবেনা]।

সঞ্চয়পত্র কিনতে কী কী কাগজপত্র প্রয়োজনঃ [৫ নং পয়েন্ট (চেক পূরণের নির্দেশনা) বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিসের জন্য প্রযোজ্য]	
১	**সঞ্চয়পত্রের প্রত্যেক প্রকল্পের জন্য নির্ধারিত ক্রয় ফরমের পূরণকৃত কপি** (ফরম একক পৃষ্ঠায় প্রিন্ট না করে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে নিতে হবে)। জাতীয় সঞ্চয় অধিদপ্তর (**http://www.nationalsavings.gov.bd/site/page/bc81fd00-a968-41d4-9aef-ff5758823d91/-**), বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (**https://www.bb.org.bd/en/index.php/investfacility/sanchayapatra**) ও সকল ইস্যু অফিসে(ব্যাংক/ব্যুরো/পোস্ট অফিস) ক্রয় ফরম পাওয়া যাবে।
২	**ক্রেতা(গণ) ও নমিনি(গণ) প্রত্যেকের ০২ (দুই) কপি করে পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি** (ক্রেতার ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক ও নমিনির ছবি ক্রেতা কর্তৃক সত্যায়িত)।
৩	**ক্রেতা ও নমিনির জাতীয় পরিচয়পত্রের কপি** {নমিনি নাবালক হলে তার জন্মনিবন্ধন সনদ এবং প্রত্যয়নকারীর (আইনানুগ অভিভাবক) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও ১ কপি ছবি}
৪	**সর্বমোট ৫ লক্ষ টাকা বা তার কম বিনিয়োগের ক্ষেত্রে ক্রেতা(গণ)-এর E-TIN সার্টিফিকেট প্রয়োজন নেই**, তবে **একটি এনআইডিতে সর্বমোট ৫ লক্ষ টাকার বেশি বিনিয়োগের ক্ষেত্রে E-TIN সার্টিফিকেট এর সাথে সর্বশেষ(গত) অর্থবছরের আয়কর রিটার্ন জমাদান প্রত্যয়নপত্রের কপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে**।
৫	**গ্রাহকের নিজ ব্যাংক হিসাবের পূরণকৃত MICR চেক** (Pay To- **"Executive Director, Bangladesh Bank, Motijheel Office, Dhaka"** অথবা বাংলায়- **"নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস, ঢাকা"**) এবং **ঐ চেকের ফটোকপি** (ক্রয়কৃত সঞ্চয়পত্রের মুনাফা এবং পুনঃবিনিয়োগ না করলে আসল টাকা স্বয়ংক্রিয়ভাবে উক্ত হিসাবে EFT-এর মাধ্যমে জমা করা হবে)। **একক নামে সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে গ্রাহকের একক হিসাব এবং যৌথনামে ক্রয়ের ক্ষেত্রে যৌথ হিসাবের চেক দিতে হবে**।
৬	০৫(পাঁচ) লক্ষ টাকা বা অধিক মূল্যমানের সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকে প্রদত্ত **"গ্রাহক সম্মতিপত্র (Positive Pay Instruction)"** এর কপি দিতে হবে।
৭	**পেনশনার সঞ্চয়পত্রের ক্ষেত্রে** অতিরিক্ত হিসেবে নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে প্রদত্ত **আনুতোষিক ও ভবিষ্য তহবিলের সনদপত্র (অফিস অর্ডার এর ফটোকপি) অথবা PPO(Pension Payment Order)/EPPO(Electronic Pension Payment Order)**-এর ফটোকপি।

সঞ্চয়পত্রে চেকের ব্যবহারঃ	
	নগদে একজন ব্যক্তি প্রতি অর্থবছরে একবার সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা পর্যন্ত সঞ্চয়পত্র ক্রয় করতে পারবেন এবং **১.০০ লক্ষ টাকার উর্ধ্বে সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে ক্রেতার নিজ ব্যাংক হিসাবের চেক ব্যবহার করতে হবে**। তবে ক্রেতা চাইলে যেকোনো অঙ্কের সঞ্চয়পত্র ক্রয়ের জন্য নিজ ব্যাংক হিসাবের চেক ব্যবহার করতে পারবেন।

প্রস্তুতকরণ ও পরিমার্জনঃ মোঃ আছাদুজ্জামান, সহকারি পরিচালক, সঞ্চয়পত্র(সাঃ) শাখা, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস, ঢাকা।

০১-০৭-২০২৫ তারিখ হতে সঞ্চয়পত্রের পুনঃনির্ধারিত বছরভিত্তিক মুনাফার হার (প্রতি ১,০০,০০০/- টাকায়)

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হইলে)	বাংলাদেশে প্রচলিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ	
			৭,৫০,০০০ টাকা পর্যন্ত	৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
১	৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র	১ম বছরান্তে	১০.৬৫%	১০.৬০%
		২য় বছরান্তে	১১.২২%	১১.১৬%
		৩য় বছরান্তে	১১.৮২%	১১.৭৭%
২	৫-বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র	১ম বছরান্তে	৯.৭৪%	৯.৭২%
		২য় বছরান্তে	১০.২১%	১০.১৯%
		৩য় বছরান্তে	১০.৭২%	১০.৭০%
		৪র্থ বছরান্তে	১১.২৬%	১১.২৩%
		৫ম বছরান্তে	১১.৮৩%	১১.৮০%
৩	পেনশনার সঞ্চয়পত্র	১ম বছরান্তে	৯.৮৪%	৯.৭২%
		২য় বছরান্তে	১০.৩২%	১০.১৯%
		৩য় বছরান্তে	১০.৮৪%	১০.৭০%
		৪র্থ বছরান্তে	১১.৩৯%	১১.২৩%
		৫ম বছরান্তে	১১.৯৮%	১১.৮০%
৪	পরিবার সঞ্চয়পত্র	১ম বছরান্তে	৯.৮১%	৯.৭২%
		২য় বছরান্তে	১০.২৯%	১০.১৯%
		৩য় বছরান্তে	১০.৮০%	১০.৭০%
		৪র্থ বছরান্তে	১১.৩৫%	১১.২৩%
		৫ম বছরান্তে	১১.৯৩%	১১.৮০%

নোট-১	**মুনাফার উল্লিখিত এই হার ০১-০৭-২০২৫ ইং তারিখ থেকে ইস্যুকৃত সকল সঞ্চয় স্কিমের উপর কার্যকর হবে**। তবে এই আদেশ জারির পূর্বে ক্রয়কৃত সকল সঞ্চয় স্কিমের ক্ষেত্রে ক্রেতা তার ক্রয়কালীন হারে মুনাফা প্রাপ্য হবে এবং যেই মেয়াদের জন্য তা ইস্যু করা হয়েছিল সেই মেয়াদ শেষ হওয়া পর্যন্ত উক্ত হারে মুনাফা প্রাপ্য হবে।
নোট-২	**বাংলাদেশে প্রচলিত সকল সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জীভূত বিনিয়োগ বিবেচনাপূর্বক প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হবে**।
নোট-৩	এই আদেশ জারির পরে বিনিয়োগকৃত অর্থের মুনাফা প্রদানের ক্ষেত্রে পূর্বের বিনিয়োগ বিবেচনায় নিয়ে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হবে।
নোট-৪	যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রচলিত সকল সঞ্চয় স্কিমে প্রত্যেক বিনিয়োগকারীর মোট বিনিয়োগ হিসাব করে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হবে। এক্ষেত্রে প্রত্যেক বিনিয়োগকারীর ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ পৃথকভাবে হিসাব করা হবে।
নোট-৫	**সব ধরণের সঞ্চয়পত্রই আবেদনসাপেক্ষে পুনঃবিনিয়োগযোগ্য। মেয়াদপূর্তির অন্তত ৭-১০ দিন পূর্বে গ্রাহককে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট ইস্যু অফিসে আবেদন করতে হবে, অন্যথায় মূল টাকা স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হয়ে যাবে।**

প্রস্তুতকরণ ও পরিমার্জনঃ মোঃ আছাদুজ্জামান, সহকারি পরিচালক, সঞ্চয়পত্র(সাঃ) শাখা, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস, ঢাকা।